

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১
উন্নয়ন উইং

নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪-১৬২

তারিখঃ ০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ শুমারি ও জরিপ কার্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থায়ীভাবে পৌরসভা শুমারি/জরিপ কমিটি গঠন।

সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics - NSDS) এর বিধান অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিভিন্ন সময়ে শুমারি ও জরিপ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থায়ীভাবে পৌরসভা শুমারি/জরিপ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলোঃ

পৌরসভা শুমারি/জরিপ কমিটি

ক্রমিক	কমিটির বিবরণ	কমিটিতে পদবী
০১	পৌরসভা মেয়র/প্রশাসক	সভাপতি
০২	কলেজের অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) ০১ জন	সদস্য
০৩	মহিলা কলেজের অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) ০১ জন	সদস্য
০৪	সকল ওয়ার্ড কাউন্সিলর (পুরুষ ও মহিলা)	সদস্য
০৫	মাধ্যমিক বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
০৬	মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
০৭	সচিব, পৌরসভা	সদস্য
০৮	সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) ১ জন	সদস্য
০৯	সভাপতি/সাধারণ সম্পাদক, পৌরসভা বণিক/ব্যবসায়ী সমিতি	সদস্য
১০	জোনাল অফিসার, বিবিএস/প্রতিনিধি (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)	সদস্য
১১	উপ-পরিচালক/পরিসংখ্যান কর্মকর্তা, জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)	সদস্য-সচিব

পৌরসভা শুমারি/জরিপ কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- শুমারি/জরিপ কাজের জন্য স্থানীয় শিক্ষিত বেকারদের মধ্য হতে সুপারভাইজার ও গণনাকারী/ তথ্য সংগ্রহকারী বাছাইয়ে জোনাল অফিসারগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা এবং গণনাকারী ও সুপারভাইজারদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- শুমারি/জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত মনিটরিং টিম গঠনসহ বিভিন্ন দায়িত্ব পালন;
- পৌরসভার সর্বস্তরে সকল মাধ্যমে শুমারি/জরিপের প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।

৩৭/০৪/১৪
(মোঃ আমিনুল বর চৌধুরী)
যুগ্ম-সচিব (উন্নয়ন)

☎ ৮১৮১৩০৯

০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ

নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪-১৬২

তারিখঃ ১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (তঁার অধীনস্থ সকল দপ্তরকে অবগত করার বিনীত অনুরোধসহ)।
- মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- জেলা প্রশাসক (সকল) (তিনি গঠিত পৌরসভা কমিটি অনুসারে সকলকে অবগত করবেন)।

খেনচান

সিনিয়র সহকারী সচিব

☎ ৮১৮১৪৪৩, এক্সঃ ২০৯৮

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- অফিস কপি।